শিক্ষার্থীদের নেটওয়ার্ক বৃদ্ধি করতে হবে : ঢাবি উপাচার্য

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৯:১৬, ২৪ নভেম্বর ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ থান দক্ষ মানবসম্পদ হিসেবে নিজেদের গড়ে তুল তে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নেটওয়ার্ক বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। এক্ষেত্রে শিক্ষকদের সঙ্গে আন্তঃসম্পর্ক উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ের সকল সুযোগ ও সম্ভাবনার সর্বোত্তম ব্যবহা রের উপর তিনি গুরুত্বারোপ করেন।

UNIBOTS

আজ ২৪ নভেম্বর ২০২৪ রবিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়ে ক্ষেস অনুষদ এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' ১ ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি সভায় উপাচার্য প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আথতার হোসেন থান, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির এবং প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদীন আহমদ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

নবীন শিক্ষার্থীদের পক্ষে ম্যানেজমেন্ট বিভাগের আফিফা মুশতারী উপমা, মৃত্তিকা পানি ও পরিবেশ বিভাগের মেহজাবিন আলম, ভূতত্ব বিভাগের মো. নাবিউল হাসান শুভ এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আহমেদ রেজা তৌসিফ বক্তব্য দেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান নবাগত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, কঠোর প্রতিযোগি তামূলক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছে। জ্ঞান ও প্রজ্ঞার বিকাশে বিশ্ববিদ্যালয় জীবনের শুরু থেকেই তাদের লক্ষ্য নির্ধারণ করে এগিয়ে যেতে হবে।

শিক্ষা ও গবেষণার পাশাপাশি ক্রীড়া ও সহশিক্ষামূলক কর্মকান্ডে অংশগ্রহণ এবং বিভিন্ন ভাষাগত ও সাংগঠনিক দক্ষতা অর্জন করতে হবে। সাংগঠনিকসহ বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জনে সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী ক্লাবসমূহের সঙ্গে সম্পৃক্ত হও যার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। দক্ষ তরুণ প্রজন্মের হাত ধরেই নতুন বাংলাদেশ এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রেস বিজ্ঞপ্তি